**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৮৭/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ২ নভেম্বর ২০১৭, ১৮ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে বিশ্বপ্রামাণ্য ঐতিহ্য হিসেবে ইউনেস্কো'র স্বীকৃতি বিশাল গৌরবের : প্রধানমন্ত্রী

২। ফোবর্সের তালিকায় বিশ্বের ৩০তম ক্ষমতাধর নারী প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৩। যুবসমাজকে মানবিক গুণাবলিসম্পন্ন হতে হবে : রাষ্ট্রপতি
রাজনৈতিক বন্দি হিসেবে ছিলেন যে কারাগারে তা পরিদর্শন করলেন রাষ্ট্রপতি

৪। ডিজিটাল বাংলাদেশ আর স্বপ্ন নয়, বাস্তব : অর্থমন্ত্রী

৫। রোহিঙ্গা প্রত্যাবাসনে আর্থিক ও কূটনৈতিক সহযোগিতার আশ্বাস যুক্তরাষ্ট্রের

৬। রোহিঙ্গা সংকটে বাংলাদেশের পাশে থাকবে ইইউ

৭। সিপিএ সম্মেলনে রোহিঙ্গা ইস্যুতে আলোচনা হবে : সিপিএ মহাসচিব

৮। রোহিঙ্গা প্রত্যাবাসনে বিলম্বে বাংলাদেশকে দায়ী করে অপপ্রচার চালাচ্ছে মিয়ানমার

৯। স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অস্ত্র জমা দিয়ে পিরোজপুরে দুই জলদস্যু বাহিনীর আত্মসমর্পণ

১০। কোচিং বাণিজ্য ঠেকাতে সাড়ে ৫শ' শিক্ষককে বদলির সুপারিশ দুদকের

১১। ভোলার শাহবাজপুর নুতন কূপ থেকে পরীক্ষামূলক গ্যাস উত্তোলন শুরু

১২। বঙ্গবন্ধুর আদর্শ এবং চার নেতার ত্যাগ থেকে শিক্ষা নিয়ে রাজনীতি করতে হবে
জেলহত্যা দিবস উপলক্ষে আলোচনাসভায় বক্তারা

চলমান পাতা-২

**১। বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে বিশ্বপ্রামাণ্য ঐতিহ্য হিসেবে ইউনেস্কো'র স্বীকৃতি বিশাল গৌরবের : প্রধানমন্ত্রী**

একাত্তরের ৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণ বিশ্বপ্রামাণ্য ঐতিহ্য হিসেবে ইউনেস্কো'র মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টারে যুক্ত হওয়ায় সন্তোষ প্রকাশ করেছেন তাঁর কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এক বিবৃতিতে তিনি বলেছেন, ইউনেস্কো'র এই স্বীকৃতি বাঙালি জাতি এবং বাংলা ভাষার জন্য বিশাল গৌরবের। তৎকালীন রেসকোর্স ময়দানে বঙ্গবন্ধুর সেই ভাষণ ছিল প্রকৃতপক্ষে স্বাধীনতার ঘোষণা। প্রধানমন্ত্রী ৭ মার্চের ভাষণকে বিশ্ব ঐতিহ্যের অংশ করায় ইউনেস্কো এবং এর মহাসচিব ইরিনা বোকোভাসহ সংশ্লিষ্ট সবাইকে বাংলাদেশ ও বাঙালি জাতির পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.৬)।

**২। ফোবর্সের তালিকায় বিশ্বের ৩০তম ক্ষমতাধর নারী প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বের ক্ষমতাধর ১০০ নারীর তালিকায় ৩০তম অবস্থানে আছেন। যুক্তরাষ্ট্রভিত্তিক সাময়িকী 'ফোবর্স' এ তালিকা প্রকাশ করেছে। গত বছর এ তালিকায় তিনি ছিলেন ৩৬তম অবস্থানে। গতকাল (১ নভেম্বর বুধবার) নতুন এ তালিকা প্রকাশ করেছে 'ফোবর্স'। এবার শেখ হাসিনাকে 'লেডি অভ ঢাকা' আখ্যায়িত করে ফোবর্স এ বলা হয়েছে, শেখ হাসিনা মিয়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের সহায়তার অঙ্গিকার করেছেন এবং তাদের জন্য ২০০০ একর জমি বরাদ্দ দিয়েছেন, যা মিয়ানমারের স্টেট কাউন্সিলর অং সান সুচির অবস্থানের পরিষ্কার বিপরীত। গত বছর তালিকায় ২৬ নম্বর অবস্থানে থাকা সুচি এবার ৩৩তম। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৩। যুবসমাজকে মানবিক গুণাবলিসম্পন্ন হতে হবে : রাষ্ট্রপতি**
**রাজনৈতিক বন্দি হিসেবে ছিলেন যে কারাগারে তা পরিদর্শন করলেন রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ যুবকদের আধুনিক বিজ্ঞানমনস্ক শিক্ষা ও যুগোপযোগী প্রশিক্ষণের মাধ্যমে কর্মদক্ষতায় সমৃদ্ধ এবং আত্মনির্ভরশীল করে গড়ে তুলতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন। জাতীয় যুব দিবস ২০১৭ উপলক্ষে গতকাল (১ নভেম্বর বুধবার) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে এক অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। রাষ্ট্রপতি বলেন, 'আমাদের অমিত সম্ভাবনাময় যুবসমাজকে সন্ত্রাস ও জঙ্গিবাদ পরিহার করে মানবিক গুণাবলিসম্পন্ন হতে হবে। মহান মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করতে হবে।' রাষ্ট্রপতি যুবকদের দক্ষতা ও সক্ষমতা বাড়াতে উদ্ভাবনী পদক্ষেপ গ্রহণ, সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানগুলোতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং যুব অধিদপ্তরে তথ্য ও যোগাযোগপ্রযুক্তির (আইসিটি) ব্যবহার বাড়ানোর জন্য যুব উন্নয়ন অধিদপ্তর ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর প্রতি আহ্বান জানান। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

রাজনৈতিক বন্দি হিসেবে যে কারাগারে সাত মাস ছিলেন সেই রাজশাহী কেন্দ্রীয় কারাগার পরিদর্শন করলেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। গতকাল (১ নভেম্বর বুধবার) রাষ্ট্রপতি রাজশাহী কেন্দ্রীয় কারাগার পরিদর্শন করেন। ১৯৭৭ সালের মে মাস থেকে নভেম্বর পর্যন্ত রাজনৈতিক বন্দি হিসেবে মো.আবদুল হামিদ রাজশাহী কেন্দ্রীয় কারাগারে ছিলেন। সূত্র-**সংবাদ** (শেষ.পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

৪। **ডিজিটাল বাংলাদেশ আর স্বপ্ন নয়, বাস্তব : অর্থমন্ত্রী**

তথ্যপ্রযুক্তি খাতে অভাবনীয় উন্নতি করেছে বাংলাদেশ। ডিজিটাল বাংলাদেশ আজ স্বপ্ন নয়, বাস্তব রূপ নিয়েছে। এ খাতকে এগিয়ে নিতে পারলে দেশের উন্নয়নের গতি আরও ত্বরান্বিত হবে। গতকাল (১ নভেম্বর বুধবার) রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে এশিয়া প্যাসিফিক ইনফরমেশন সুপার হাইওয়ের (এপিআইএস) স্টিয়ারিং কমিটির দুই দিনব্যাপী অধিবেশনের উদ্বোধন অনুষ্ঠানে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এসব কথা বলেন। এপিআইএসের অধিবেশনে জাতিসংঘের এসকাপভুক্ত ৫৬ দেশের প্রতিনিধিসহ দেশি-বিদেশি শতাধিক প্রতিনিধি অংশ নিচ্ছেন। অধিবেশন আজ (২ নভেম্বর বৃহস্পতিবার) শেষ হবে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **যুগান্তর** (পৃ.১৭,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.২,ক.৫), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.৫)।

৫। **রোহিঙ্গা প্রত্যাবাসনে আর্থিক ও কূটনৈতিক সহযোগিতার আশ্বাস যুক্তরাষ্ট্রের**

মিয়ানমার নাগরিকদের প্রত্যাবাসনে বাংলাদেশকে আর্থিক ও কূটনৈতিক সহযোগিতার আশ্বাস দিয়েছে যুক্তরাষ্ট্র। পররাষ্ট্র মন্ত্রণালয়ে গতকাল (১ নভেম্বর বুধবার) পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলমের সঙ্গে এক বৈঠকে সফররত মার্কিন জনসংখ্যা, শরণার্থী ও অভিবাসনবিষয়ক ভারপ্রাপ্ত সহকারী পররাষ্ট্রমন্ত্রী সাইমন হেনশ এ আশ্বাসের কথা পুনর্ব্যক্ত করেন। সাইমন হেনশ আজ (২ নভেম্বর বৃহস্পতিবার) কক্সবাজারে যাবেন এবং আগামীকাল (৩ নভেম্বর শুক্রবার) কুতুপালং রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করবেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.২)।

৬। **রোহিঙ্গা সংকটে বাংলাদেশের পাশে থাকবে ইইউ**

রোহিঙ্গা সংকটসহ যেকোনো ধরনের মানবিক সংকটে বাংলাদেশের পাশে থাকার আশ্বাস দিয়েছে ইউরোপীয় ইউনিয়ন। গতকাল (১ নভেম্বর বুধবার) ঢাকার রাষ্ট্রীয় অতিথিভবন পদ্মায় পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী'র সাথে বৈঠকশেষে একথা বলেন ইউরোপীয় ইউনিয়নের মানবিক সহায়তা ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক কমিশনার ক্রিস্টোস স্টাইলিয়ানিডস। বৈঠকশেষে ইইউ কমিশনার বলেন, রাজনৈতিকভাবেই রোহিঙ্গা সংকটের সমাধান হতে হবে। রোহিঙ্গা সংকটে বাংলাদেশের পাশে থাকবে ইইউ। রোহিঙ্গাদের নিরাপদে মিয়ানমারে ফিরিয়ে নেওয়াই এ সংকটের একমাত্র সমাধান বলেও মন্তব্য করেন ইইউ কমিশনার। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান, নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

৭। **সিপিএ সম্মেলনে রোহিঙ্গা ইস্যুতে আলোচনা হবে : সিপিএ মহাসচিব**

কমনওয়েলথ পার্লামেন্টারি এসোসিয়েশনের সম্মেলনে (সিপিএ) তরুণসমাজকে বেশি গুরুত্ব দেওয়া হবে বলে জানিয়েছেন সংস্থাটির মহাসচিব আকবর খান। তিনি বলেন, সিপিএভুক্ত ৫২টি দেশের ২ দশমিক ৪ বিলিয়ন জনসংখ্যার ৬০ শতাংশই তরুণ। এই জনগোষ্ঠীর নানাবিধি সমস্যা (লিঙ্গ বৈষম্য, মানবাধিকার ও মূল্যবোধ) নিয়ে ঢাকায় অনুষ্ঠিত ৬৩তম সম্মেলনে প্রাধান্য পাবে। পরবর্তী প্রজন্মকে গড়ে তোলাই এই সম্মেলনের মূল লক্ষ্য। তবে বাংলাদেশের সাম্প্রতিক সমস্যা রোহিঙ্গা ইস্যুটি নিয়ে সম্মেলনে আলোচনার সুযোগ থাকছে বলেও জানান আকবর খান। গতকাল (১ নভেম্বর বুধবার) রাজধানীর একটি হোটেলে আয়োজিত সিপিএ সম্মেলনসংক্রান্ত এক প্রেস ব্রিফিংয়ে এসব কথা বলেন তিনি। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

৮। **রোহিঙ্গা প্রত্যাবাসনে বিলম্বে বাংলাদেশকে দায়ী করে অপপ্রচার চালাচ্ছে মিয়ানমার**

রোহিঙ্গা মুসলমানদের প্রত্যাবাসন প্রক্রিয়া বিলম্ব হওয়ার পেছনে উল্টো বাংলাদেশকে দুষছে মিয়ানমার। দেশটির দাবি রাখাইন প্রদেশ থেকে যে লক্ষ লক্ষ রোহিঙ্গা গত দু'মাসে বাংলাদেশে পালিয়ে এসেছে, তাদের ফেরানোর প্রক্রিয়া বাংলাদেশের জন্যই দেরি হচ্ছে। বিবিসি তাদের এক প্রতিবেদনে বলছে, বার্তাসংস্থা রয়টার্স ও এএফপি ইয়াঙ্গুন থেকে সরকারের এক শীর্ষস্থানীয় মুখপাত্রকে উদ্ধৃত করে জানিয়েছে, মিয়ানমার রোহিঙ্গাদের

ফিরিয়ে নিতে প্রস্তুত থাকলেও ফেরানোর শর্ত কী হবে তা নিয়ে বাংলাদেশ টালবাহানা করছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।



**৯। স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অস্ত্র জমা দিয়ে পিরোজপুরে দুই জলদস্যু বাহিনীর আত্মসমর্পণ**

সুন্দরবনে দুই জলদস্যু বাহিনীর ২০ সদস্য গতকাল (১ নভেম্বর বুধবার) পিরোজপুরে আত্মসমর্পণ করেছেন। তারা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আনুষ্ঠানিকভাবে বিপুল পরিমাণ অস্ত্রশস্ত্র জমা দেন। এসময় স্বরাষ্ট্রমন্ত্রী মো আসাদুজ্জামান খাঁন কামাল বলেন, বিশ্ব ঐতিহ্য, পর্যটন ও মৎস্যসম্পদ আহরণের স্বার্থে আমাদের অহঙ্কার সুন্দরবনকে রক্ষার জন্য জলদস্যু দমন আমরা যে ধারাবাহিকভাবে অব্যাহত রেখেছি তারই অংশ হিসেবে আরো দু'টি ডাকাত দল স্বেচ্ছায় আত্মসমর্পণ করল। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এখনো আরও তিনটি জলদস্যু বাহিনী সুন্দরবন ও বঙ্গোপসাগরে তাদের তৎপরতা চালাচ্ছে। আমাদের আহ্বান এই বাহিনীগুলো অবিলম্বে আত্মসমর্পণ করে তারা স্বাভাবিক জীবনে ফিরে আসবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **সমকাল** (পৃ.১৯,ক.৬)।

**১০। কোচিং বাণিজ্য ঠেকাতে সাড়ে ৫শ' শিক্ষককে বদলির সুপারিশ দুদকের**

কোচিং বাণিজ্য ঠেকাতে ২৪টি সরকারি বিদ্যালয়ের প্রায় সাড়ে ৫শ' শিক্ষককে বদলির সুপারিশ করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। যেসব শিক্ষককে বদলির সুপারিশ করা হয়েছে তারা প্রত্যেকেই বিদ্যালয়ে শিক্ষকতা করে কোচিং বাণিজ্য করছেন। এসব শিক্ষক কোচিং বাণিজ্যের নামে শিক্ষার্থীদের অভিভাবকদের জিম্মি করে মোটা অঙ্কের অর্থ হাতিয়ে নিচ্ছেন। কোচিং বাণিজ্য নিয়ে দুদকের তদন্ত প্রতিবেদন গতকাল (১ নভেম্বর বুধবার) জমা দেওয়ার সময় ওই প্রতিবেদনে এ সুপারিশ করে দুদক। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**১১। ভোলার শাহবাজপুর নুতন কূপ থেকে পরীক্ষামূলক গ্যাস উত্তোলন শুরু**

ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলার শাহবাজপুর গ্যাস ফিল্ডের নতুন গ্যাস কূপ ইস্ট-১ থেকে পরীক্ষামূলকভাবে গ্যাস উত্তোলন শুরু করেছে বাপেক্স। গতকাল (১ নভেম্বর বুধবার) সকাল সাড়ে ৮টা থেকে গ্যাস উত্তোলন কার্যক্রম শুরু করা হয়। সকাল সাড়ে দশটা পর্যন্ত ২৫ মিলিয়ন ঘনফুট গ্যাস উত্তোলন করা হয়েছে। এর মাধ্যমে নতুন কূপটিতে চূড়ান্তভাবে গ্যাসের সন্ধান নিশ্চিত করা হলো। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬)।

**১২। বঙ্গবন্ধুর আদর্শ এবং চার নেতার ত্যাগ থেকে শিক্ষা নিয়ে রাজনীতি করতে হবে**
**জেলহত্যা দিবস উপলক্ষে আলোচনাসভায় বক্তারা**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ এবং জাতীয় চার নেতার সাহস-ত্যাগ থেকে শিক্ষা নিয়ে রাজনীতি করার আহ্বান জানিয়েছেন দেশের কয়েকজন জ্যেষ্ঠ রাজনীতিবিদ ও মন্ত্রী। তাঁদের কয়েকজন প্রায় অভিন্ন কণ্ঠে বলেছেন, '৭৫ এর ১৫ আগস্ট ও ৩ নভেম্বরের খুনিচক্র কিংবা তাদের দোসররা এখনও সক্রিয়। এ ব্যাপারে সতর্ক থাকতে হবে। জেলহত্যা দিবস উপলক্ষে গতকাল (১ নভেম্বর বুধবার) রাজধানীর কাকরাইলে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে শহিদ এম মনসুর আলী স্মৃতি সংসদ আয়োজিত আলোচনাসভায় তাঁরা এসব কথা বলেন। এতে সভাপতিত্ব করেন শহিদ মনসুর আলীর পুত্র ও স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। অন্যান্যের মধ্যে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ, বন ও পরিবেশ মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু, পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন বক্তব্য রাখেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **জনকণ্ঠ :** দেশের ৬৮ কারাগারের মাদকাসক্ত বন্দিদের স্বাস্থ্য সুরক্ষায় সর্বোচ্চ চিকিৎসার জন্য আধুনিক মাদকাসক্তি নিরাময়কেন্দ্র নির্মাণের সরকারি উদ্যোগকে স্বাগত জানিয়ে দ্রুত তার বাস্তবায়ন প্রত্যাশা।

খ. **ইত্তেফাক :** রাজধানীর টঙ্গীতে ছিনতাইকারীদের দৌরাত্ম্য দিন দিন বৃদ্ধি পাওয়ার কথা উল্লেখ করে ছিনতাইয়ের জন্য যেসব এলাকা ঝুঁকিপূর্ণ সেখানে পুলিশের বিশেষ টহল জোরদার করার ওপর গুরুত্বারোপ।



গ. **সমকাল :** সৃজনশীল শিক্ষাপদ্ধতি সম্পর্কে শিক্ষকদের যথাযথ প্রশিক্ষণের সুপারিশ।

ঘ. **প্রথম আলো, যুগান্তর, ইনকিলাব, ভোরের কাগজ, সংবাদ, সমকাল, যায়যায়দিন, এশিয়ান এজ, অবজারভার, ইন্ডিপেনডেন্ট :** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণকে ইউনেস্কো বিশ্ব ইতিহাসের প্রামাণ্য দলিল হিসেবে গ্রহণ করায় আমাদের দেশের জন্য গৌরবের ও আনন্দের বলে মতপ্রকাশ।

ঙ. **যায়যায়দিন :** বিমান নিয়ে নাশকতার পরিকল্পনার অভিযোগে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একজন পাইলটসহ চারজনকে গ্রেপ্তার করেছে র‍্যাব উল্লেখ করে জঙ্গি দমনে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি।

চ. **নিউ এজ :** দেশে অসংক্রামক রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করার হার বাড়ায় উদ্বেগ প্রকাশ করে এসব রোগ প্রতিরোধে সবাই সচেতন হলে এগুলোর ব্যাপ্তি কমবে বলে মন্তব্য।

ছ. **নিউ নেশন, নিউ এজ, বাংলাদেশ টুডে :** ডাক্তাররা নানা কারণে কর্মবিরতিতে যাওয়ায় রোগীদের দুর্ভোগ পোহাতে হয় উল্লেখ করে এ ব্যাপারে তাঁদের বিকল্প পন্থায় প্রতিবাদ জানানোর আহ্বান।

জ. **ইন্ডিপেনডেন্ট :** বাজারে এনার্জি ড্রিংকের নামে ক্ষতিকর পানীয় বিক্রিতে নিষেধাজ্ঞার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিক্ষার মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ, অর্থনৈতিক সমৃদ্ধি, নারীর ক্ষমতায়ন এবং শিল্পায়ন ও উদ্ভাবন সম্ভব হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিশুর বিকাশে খেলাধুলা ও শারীরিক শিক্ষা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিক্ষার্থীদের নিয়মিত খেলাধুলার সাথে সম্পৃক্ত করলে শারীরিক, মানসিক ও সামাজিক সুস্থতা নিশ্চিত করা যায়।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘণ্টা